SMC
Live better

# SMC News
A Quaterly Publication

# এসএমসি নিউজ
একটি ত্রৈমাসিক প্রকাশনা

Issue: 41
April - June 2022
সংখ্যা: ৪১
এপ্রিল - জুন ২০২২

## মাল্টিপল মাইক্রোনিউট্রিয়েন্ট সাপ্লিমেন্টের (এমএমএস) সমর্থনে গাইনি বিশেষজ্ঞগণ






এসএমসি প্রসূতি ও স্ত্রীরোগ বিশেষজ্ঞদের (ওবিজিওয়াইএন) মাধ্যমে এসএমসি'র মাল্টিপল মাইক্রোনিউট্রিয়েন্ট সাপ্লিমেন্ট (এমএমএস) বা 'ফুলকেয়ার' প্রেসক্রাইব করা এবং পরিবার পরিকল্পনার দীর্ঘমেয়াদী সেবা (LARC) অব্যাহত রেখেছে। এসএমসি গত ৩ আগস্ট ২০২২ তারিখে ঢাকায় একটি সেমিনারের আয়োজন করে যেখানে পিঙ্ক স্টার নেটওয়ার্কের আওতাধীন প্রায় ১১০ জন প্রসূতি ও গাইনি বিশেষজ্ঞগণ অংশগ্রহণ করেন। গর্ভবতী মহিলাদের পুষ্টির অবস্থা উন্নয়নে গাইনি বিশেষজ্ঞগণ 'ফুলকেয়ার' সেবনের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব দেন। ওজিএসবি'র সভাপতি অধ্যাপক ডাঃ ফেরদৌসী বেগম, কম ওজন সম্পন্ন ও অপরিনত শিশু জন্ম কমানোর ক্ষেত্রে এবং গর্ভস্থ শিশুর ক্রমবিকাশে এমএমএস-এর প্রয়োজনীয়তার উপর আন্তর্জাতিক ও স্থানীয় গবেষণার গুরুত্বপূর্ণ তথ্য উপস্থাপন করেন। এছাড়াও তিনি গর্ভবতী মহিলাদের পুষ্টির উন্নয়নে এমএমএস প্রেসক্রাইব করার বিষয়ে বিশেষ জোর দেন।

এসএমসি এবং এসএমসি ইএল বোর্ডের মাননীয় চেয়ারম্যান জনাব ওয়ালিউল ইসলাম, এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ আলী রেজা খান, এসএমসি'র উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব তছলিম উদ্দিন খান, ওজিএসবি'র প্রেসিডেন্ট (নির্বাচিত) অধ্যাপক ডাঃ ফারহানা দেওয়ান, ওজিএসবি'র সাবেক মহাসচিব অধ্যাপক ডাঃ সালেহা বেগম চৌধুরী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। সভায় ইউএসএআইডি-এর স্বাস্থ্য বিশেষজ্ঞ ডাঃ ফিদা মেহরান পরিবার পরিকল্পনার দীর্ঘমেয়াদী পদ্ধতির চাহিদা বৃদ্ধির লক্ষ্যে সার্বিক প্রচেষ্টা অব্যাহত রাখার উপর গুরুত্বারোপ করেন।

## Multiple Micronutrient Supplements (MMS) endorsed by Gynecologists

SMC continues its effort to engage Obstetricians & Gynecologists (OBGYN) to offer Long-acting Reversible Contraceptives (LARC) and prescribe FullCare, the Multiple Micronutrient Supplements (MMS) during their private practice. SMC organized a seminar in Dhaka on August 03, 2022 where about 110 OBGYNs attended who are associated with the Pink Star network. Professor Dr. Ferdousi Begum, President of OGSB, presented global and local research findings magnifying the evidence in favor of MMS that reduces Low Birth Weight (LBW), Preterm birth and Small for Gestational Age (SGA). She underscored the need for prescribing MMS to improve the nutrition status of pregnant women.

Mr. Waliul Islam, Chairman, Board of Directors of SMC & SMC EL, Mr. Ali Reza Khan, MD & CEO, SMC, Mr. Toslim Uddin Khan, Deputy Managing Director, SMC, Professor Dr. Farhana Dewan, President-Elect, OGSB, Professor Dr. Saleha Begum Chowdhury, immediate past Secretary General of OGSB were present on the occasion. Dr. Fida Mehran, Health Specialist, USAID also emphasized on creating demand for LARC services.

## এসএমসি ক্লিনিক পরিদর্শনে বোর্ডের সম্মানিত সদস্যবৃন্দ



এসএমসি এবং এসএমসি ইএল বোর্ডের মাননীয় চেয়ারম্যান জনাব ওয়ালিউল ইসলাম, এসএমসি বোর্ডের পরিচালকদ্বয় জনাব মোহাম্মদ আলী এবং জনাব সিদ্দিকুর রহমান চৌধুরী বিগত ১২ জুন, ২০২২ তারিখে এসএমসি ক্লিনিক পরিদর্শন করেন। তারা ক্লিনিকের কার্যক্রম পর্যবেক্ষণ করেন এবং উপস্থিত রোগীদের সাথে মতবিনিময় করেন। এছাড়াও মানসম্পন্ন স্বাস্থ্যসেবা প্রদানের জন্য ক্লিনিক এবং ফার্মেসি সেবার মানোন্নয়নের বিষয়ে তারা আলোচনা করেন। এসময়ে আরও উপস্থিত ছিলেন এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ আলী রেজা খান, উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব তছলিম উদ্দিন খান এবং প্রধান প্রকৌশলী জনাব মাসুম আহমেদ জায়গিরদার।

## SMC Clinic visited by the Board Members

Mr. Waliul Islam, Chairman of the Board of Directors of SMC and SMC EL visited SMC Clinic along with Mr. Muhammed Ali, Director of SMC & SMC EL Board and Mr. Siddiqur Rahman Choudhury, Director of SMC EL Board on June 12, 2022. They observed the clinic operations and talked with clients. They discussed various issues related to further improvement of Clinic and Pharmacy operations. Mr. Md. Ali Reza Khan, MD & CEO, Mr. Toslim Uddin Khan, Deputy Managing Director and Mr. Masum Ahmed Jaigirdar, Chief Engineer accompanied the dignitaries during their visit.

# বার্ষিক বিক্রয় সম্মেলন (২০২০-২১ অর্থবছর)

ঢাকার প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে গত ১৯ মে, ২০২২ তারিখে এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেড-এর ২০২০-২১ অর্থবছরের বার্ষিক বিক্রয় সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে, বিক্রয় লক্ষ্যমাত্রা অর্জনে অসামান্য অবদানের জন্য বিভিন্ন ক্ষেত্রে/বিভাগে বিক্রয় কর্মীদের স্বীকৃতি প্রদানের মধ্য দিয়ে ২০২০-২১ অর্থবছরের বিক্রয় লক্ষ্যমাত্রা অর্জনের ওপর উপস্থাপনা করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এসএমসি এবং এসএমসি ইএল-এর পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান জনাব ওয়ালিউল ইসলাম। অনুষ্ঠানে পরিচালনা পর্ষদ ও কোম্পানীর সদস্যদের মধ্যে ইঞ্জিনিয়ার জনাব মোঃ সিদ্দিক উল্লাহ, ডাঃ জহির উদ্দিন আহমেদ, জনাব আফতাব উল ইসলাম এফসিএ, জনাব মুহাম্মদ ফরহাদ হোসেন এফসিএ, ডাঃ ইয়াসমিন হেমায়েত আহমেদ, অধ্যাপক ডাঃ ফারহানা দেওয়ান, মিস রুপালী হক চৌধুরী এবং জনাব রণজিৎ কুমার চক্রবর্তী উপস্থিত ছিলেন। সম্মেলনে এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ আলী রেজা খান, এসএমসি ইএল-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব আব্দুল হক, ইউএসএআইডি, বাংলাদেশ-এর স্বাস্থ্য বিশেষজ্ঞ ডাঃ ফিদা মেহরান, এসএমসি'র উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব তছলিম উদ্দিন খান এবং এসএমসি ইএল-এর উপ-ব্যবস্থাপনা পরিচালক (অপারেশনস) জনাব ফিরোজ-উল আলম তাদের মূল্যবান বক্তব্য প্রদান করেন।





সেলস বিভাগের এডিশনাল জেনারেল ম্যানেজার জনাব চন্দ্র নাথ মন্ডল ২০২০-২১ অর্থবছরের বিক্রয় বিভাগের সার্বিক অর্জন উপস্থাপন করেন। এই সময়কালে কোম্পানী গত বছরের তুলনায় ১৬% প্রবৃদ্ধি অর্জন করে। ঢাকা ওয়েস্ট এরিয়ার সিনিয়র সেলস ম্যানেজার কে এম হাসিবুল হাসান 'গ্র্যান্ড গোল্ড অ্যাওয়ার্ড' এবং ময়মনসিংহ এরিয়ার সিনিয়র সেলস ম্যানেজার জনাব আবুল হায়াত মোঃ কামাল 'গ্র্যান্ড সিলভার অ্যাওয়ার্ড' অর্জন করেন। পরিচালনা পর্ষদ ও কোম্পানীর সদস্যবৃন্দ এবং এসএমসি ইএল-এর ব্যবস্থাপনা পরিচালক ২০২০-২১ অর্থ বছরের সার্বিক ফলাফলে সন্তোষ প্রকাশ করেন। মাননীয় চেয়ারম্যান এসএমসি'র কর্মীদের কঠোর পরিশ্রম এবং অঙ্গীকারের জন্য আন্তরিক ধন্যবাদ জানান এবং সবাইকে আগামী বছরগুলোতে সফলতা অব্যাহত রেখে সামনে এগিয়ে যেতে আহবান জানান।

সম্মেলনে অন্যান্যের মধ্যে এএমসি ইএল-এর প্রধান অর্থনৈতিক কর্মকর্তা (সিএফও) জনাব আবুল বশির খান, বিপণন বিভাগের মহা-ব্যবস্থাপক জনাব খন্দকার শামিম রহমান, এসএমসি'র প্রধান অর্থনৈতিক কর্মকর্তা (সিএফও) জনাব তপন কুমার বালা এবং প্রোগ্রাম বিভাগের অতিরিক্ত মহাব্যবস্থাপক জনাব মোঃ মশিউর রহমান তাদের মূল্যবান বক্তব্য রাখেন।

# Annual Sales Conference (FY 2020-21)

The Annual Sales Conference of SMC Enterprise Ltd (SMC EL) for FY 2020-21 took place at the Pan Pacific Sonargaon Hotel, Dhaka on May 19, 2022. In the conference, the sales performance of the reporting period was shared and the outstanding sales personnel in different categories were awarded for achieving targets.

Mr. Waliul Islam, Chairman, Board of Directors, SMC and SMC EL chaired the occasion. Among the Board Directors and Company Members, Engineer Md. Siddique Ullah, Dr. Jahir Uddin Ahmed, Aftab ul Islam FCA, Mr. Muhammed Farhad Hussain FCA, Dr. Yasmin Hemayet Ahmed, Professor Dr. Farhana Dewan, Ms. Rupali Haque Chowdhury, Mr. Ranjit Kumar Chakraborty attended the program. Mr. Md. Ali Reza Khan, MD & CEO of SMC, Mr. Abdul Haque, MD of SMC EL, Dr. Fida Mehran, Health Specialist, USAID, Bangladesh, Mr. Toslim Uddin Khan, DMD, SMC and Mr. Feroze-Ul Alam, DMD, Operations, SMC EL, delivered valuable speeches in the conference. Mr. C N Mandal, Additional GM, Sales made a presentation highlighting the national performance of the Sales Division during the reporting period.

During FY 2020-21, the company achieved 16% growth over the previous year. Mr. K M Hashibul Hassan, Senior Sales Manager, Dhaka West Area received the Grand Gold Award and Mr. Abul Hayat Md. Kamal, Senior Sales Manager, Mymensingh Area received the Grand Silver Award. Board Directors, Company Members and Managing Director of SMC EL expressed their satisfaction over the achievement of the reporting year. The Hon'ble Chairman expressed his sincere thanks to everyone for their hard work and commitment to SMC requesting all to reach higher targets in the coming years.

Among others, Mr. Abul Bashir Khan, CFO, SMC EL, Mr. Khandaker Shamim Rahman, General Manager, Marketing, SMC EL, Mr. Tapan Bala, CFO, SMC and Mr. Md. Moshiur Rahman, Additional GM, Program Operations, SMC spoke in the occasion.

## ইউএসএআইডি প্রতিনিধিগণের এসএমসি'র প্রোগ্রাম পরিদর্শন

ইউএসএআইডি বাংলাদেশ-এর একটি প্রতিনিধি দল এবং এসএমসি'র কর্মকর্তাগণ গত ১৩ জুন, ২০২২ তারিখে রাজশাহীতে দুটি ব্লু-স্টার কেন্দ্র (রাজা পাড়ার 'সৈয়দ ফার্মেসি' ও পুঠিয়ার 'রানা ফার্মেসি') এবং একটি গ্রীন স্টার কেন্দ্র (বোয়ালিয়া উপজেলার 'শ্যাম ফার্মেসি') পরিদর্শন করেন।

১৩ জুন, ২০২২ তারিখে পরিদর্শনকারী দল নাটোর জেলার গুরুদাশপুর ইউনিয়নে একজন গোল্ড স্টার সদস্যের (জিএসএম) সাথে দেখা করেন এবং এই নেটওয়ার্কে তার কাজ করার অভিজ্ঞতা জানতে চান। এসএমসি'র পণ্য সংরক্ষণ সুবিধাদি পর্যবেক্ষণ করতে তারা আরও একজন জিএসএম-এর বাড়ি পরিদর্শন করেন। প্রতিনিধি দলটি একটি উঠান বৈঠকেও যোগ দেন, যেখানে ৩৪জন প্রজননক্ষম বিবাহিত নারী উপস্থিত ছিলেন। ইউএসএআইডি'র প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন কমিউনিকেশন বিশেষজ্ঞ মিস কেলি লিঞ্চ, স্বাস্থ্য বিশেষজ্ঞ ডাঃ ফিদা মেহরান এবং প্রকল্প ব্যবস্থাপনা সহকারী মিস রিস্তিয়া ফারজানা। নারীর ক্ষমতায়নে এসএমসি'র ভূমিকা এবং পরিবার তথা সমাজে গোল্ড স্টার সদস্যদের অবদানের ভূয়সী প্রশংসা করেন। এসএমসি কর্মকর্তাদের মধ্যে প্রোগ্রাম বিভাগের অতিরিক্ত মহা-ব্যবস্থাপক জনাব মশিউর রহমান, হেড অব ট্রেনিং অ্যান্ড সার্ভিস ডেলিভারি ডাঃ সালাহ উদ্দিন আহমেদ এবং এসএমসি ইএল-এর হেড অব নর্থ-সাউথ রিজিয়নের জনাব কাজী মোহাম্মদ জাফরুল্লাহ উপস্থিত ছিলেন।





## SMC Programs visited by USAID delegates

A team from the United States Agency for International Development (USAID) Bangladesh and SMC officials visited two Blue Star outlets (Syed Pharmacy at Raja Para and Rana Pharmacy at Puthia, Rajshahi) on June 12, 2022. They also visited one Green Star outlet (Shyam Pharmacy, Boalia Upazilla, Rajshahi) on the same day.

On June 13, 2022, the visiting team met one Gold Star Member (GSM) at Gurudashpur Union of Natore District and talked with her to know her experience with this network. They also visited another GSM's house to see their product storing facilities. The team observed a courtyard session where 34 Married Women of Reproductive Age (MWRA) attended. The USAID representatives include Ms. Kelley Lynch, Communication Specialist, OPHN, USAID, Dr. Fida Mehran, Health Specialist, PHN USAID and Ms. Ristia Farzana, OPHNE, USAID. The USAID team appreciated field level program activities and acknowledged the contribution of different network providers in the national health and family planning program. Amongst the SMC officials, Mr. Moshiur Rahman, Additional General Manager, Program Operations, Dr. Salah Uddin Ahmed, Head of Training and Service Delivery and Mr. Quazi Mohd Jafarullah, Head of North-South Region were present during the visit.

## কিশোর-কিশোরীদের বিশেষ স্বাস্থ্য সচেতনতা ক্যাম্পেইন

এসএমসি নিজস্ব অর্থায়ন এবং ইউএসএআইডি-এমআইএসএইচডি (USAID-MISHD) প্রকল্পের আওতায় দেশের মোট ৯৩ টি উপজেলায় কিশোর-কিশোরীদের স্বাস্থ্য সচেতনতা বিষয়ক একটি বিশেষ ক্যাম্পেইন পরিচালনা করেছে। ২০২২ সালের মে মাস থেকে এসএমসি'র তত্ত্বাবধানে চারটি বেসরকারি সংস্থার সহযোগিতায় এই উদ্যোগটি বাস্তবায়িত হয়। প্রচারণার অংশ হিসেবে, নির্ধারিত উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা) এবং কমিউনিটি পর্যায়ে স্বাস্থ্য শিক্ষা বিষয়ক সেশনসমূহ পরিচালিত হয়।



ক্যাম্পেইনটির মূল উদ্দেশ্য ছিল স্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি এবং পুষ্টি সংক্রান্ত বিষয়গুলোর পাশাপাশি বাল্যবিবাহ প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি করা । ২০২২ সালের আগস্ট মাসের শেষ নাগাদ প্রায় পাঁচ লক্ষ কিশোর-কিশোরীদের কাছে স্বাস্থ্য সচেতনতামূলক স্বাস্থ্য বার্তাসমূহ পৌঁছানো হয়েছে।

## Special Adolescent Health Campaign

The adolescent health program is one of the flagship initiatives of SMC programs implemented by four national NGOs in 93 Upazilas under USAID-MISHD and SMC fund. SMC has been implementing the special campaign since May 2022 targeting adolescent girls and boys. As part of the campaign, health sessions are conducted at educational institutions (schools, colleges & madrashas) and community levels.

The main purpose of the adolescent health campaign was to raise awareness on pressing health, hygiene and nutrition issues as well as prevention of child marriage. Approximately, five lac adolescent girls and boys will be reached through this campaign by the end of August 2022.

# চট্টগ্রামে প্রোগ্রাম পরিদর্শনে এসএমসি'র চেয়ারম্যান

এসএমসি এবং এসএমসি ইএল-এর পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান জনাব ওয়ালিউল ইসলাম বিগত ৫ জুন, ২০২২ তারিখে বাস্তবায়নকারী প্রতিষ্ঠান সীমান্তিক আয়োজিত চট্টগ্রাম শহর এলাকায় গোল্ড স্টার সদস্যদের মাসিক সভায় যোগদান করেন। পরিদর্শনকালে তার সাথে ছিলেন এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ আলী রেজা খান এবং এসএমসি'র উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব তছলিম উদ্দিন খান। গ্রামীণ এলাকায় ইতিবাচক অভিজ্ঞতার ভিত্তিতে, এসএমসি চট্টগ্রাম শহরাঞ্চলে গোল্ড স্টার কার্যক্রম বাস্তবায়ন শুরু করেছে। মাননীয় চেয়ারম্যান আরবান জিএসএম ও সংশ্লিষ্ট কমিউনিটি মোবিলাইজেশন কার্যক্রম পর্যবেক্ষণ করেন এবং সফলভাবে বাস্তবায়নের জন্য সন্তোষ প্রকাশ করেন। তিনি চট্টগ্রামে গ্রীন স্টার সেবা প্রদানকারীদের রিফ্রেশার্স ট্রেনিং অধিবেশনে যোগদেন এবং কমিউনিটির স্বাস্থ্য অবস্থার উন্নয়নে সেবা প্রদানকারীদের প্রচেষ্টা অব্যাহত রাখার পরামর্শ দেন।




# SMC Chairman observed Programs in Chattogram

Mr. Waliul Islam, Chairman of the Board of Directors of SMC and SMC EL, attended the monthly meeting of Gold Star Members (GSMs) in the Chattogram urban area implemented by Shimantik on June 5, 2022. Mr. Md. Ali Reza Khan, MD & CEO and Mr. Toslim Uddin Khan, Deputy Managing Director of SMC accompanied him during his visit. Based on positive experience in rural areas, SMC has started Gold Star program in Chattogram urban areas. The Chairman expressed his satisfaction observing the urban GSM program and Community Mobilization activities. He also attended a training event of Green Star Network in Chattogram and suggested the providers to continue their efforts to improve the health status of their communities.

# এসএমসি ক্লিনিকের প্রথম বার্ষিকী উদযাপন

দেশের সকল আয়ের জনগণকে সাশ্রয়ী মূল্যে মানসম্পন্ন স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে এসএমসি ক্লিনিক ১৯ জুন, ২০২১ তারিখে মিরপুরের দারুসসালামে যাত্রা শুরু করে। ক্লিনিকটি গুণগত মানসম্পন্ন স্বাস্থ্য পরিসেবা ও চিকিৎসা অব্যহত বজায় রেখে প্রথম বছর সম্পন্ন করেছে। ইতমধ্যে, গ্রাহকদের উন্নত সেবা প্রদানের লক্ষ্যে বিশেষজ্ঞ চিকিৎসক এবং ল্যাবরেটরি সেবাসমূহ সম্প্রসারিত করা হয়েছে।

প্রথম বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে, ক্লিনিকে দিনব্যাপী সাধারণ চিকিৎসকদের এবং বিশেষজ্ঞ ডাক্তারদের মাধ্যমে (মেডিসিন, গাইনী, ত্বক ও ভিডি, এন্ডোক্রাইনোলজি, কার্ডিওলজি, শিশু, ইউরোলজি, সার্জারি) বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়। এছাড়া ল্যাবরেটরি সেবা গ্রহণেও দেয়া হয় বিশেষ ছাড়। মোট ১৭৯ জন বিনামূল্যে চিকিৎসা সেবা পরিষেবা এবং ৩৩ জন বিশেষ মূল্যছাড়ে ল্যাবরেটরি সেবা গ্রহণ করেন। উক্ত দিবসে এসএমসি'র উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব তছলিম উদ্দিন খান এসএমসি ক্লিনিক পরিদর্শন করেন এবং গ্রাহক, চিকিৎসক ও ক্লিনিকের অন্যান্য সদস্যদের সাথে মতবিনিময় করেন।




# First anniversary of SMC Clinic

SMC Clinic started its journey on June 19, 2021 at Darussalam Road, Mirpur to provide quality healthcare services at an affordable price for all segments of population. The Clinic has completed its first year with a growing number of clients by maintaining the quality of services. This year, SMC has expanded the number of Consultants and laboratory services in the clinic to provide a wide range of options to the clients.

On the occasion of the first anniversary, special initiatives were taken including free consultation services by the general physicians and specialized doctors (Medicine, Gynae, Skin & VD, Endocrinology, Cardiology, Child, Urology and Surgery). The Clinic also offered special discounts to avail laboratory services. A total number of 179 clients received free consultation services and 33 clients received laboratory services at a special discounted price in the anniversary. Mr. Toslim Uddin Khan, Deputy Managing Director of SMC, visited the Clinic on the day to exchange views with the clients and clinic staff.

## এসএমসি'র বোর্ড এবং ম্যানেজমেন্টের মধ্যে মুক্ত আলোচনা

প্রাতিষ্ঠানিক সাফল্য, প্রবৃদ্ধি, অগ্রগতি তথা এসএমসি'র সামগ্রিক উন্নয়ন ও বিকাশে নিজ নিজ অভিব্যক্তি ব্যক্ত করার প্রয়াসকে উদ্বুদ্ধ করতে এসএমসি বোর্ডের সম্মানিত সদস্যবৃন্দ ম্যানেজমেন্টের সাথে মুক্ত আলোচনা করেন। গত ২৯ মে, ২০২২ তারিখে এসএমসি'র প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ কক্ষে সভাটি অনুষ্ঠিত হয়। আলোচনার শুরুতে, এসএমসি এবং এসএমসি ইএল বোর্ড-এর পরিচালক জনাব মোহাম্মদ আলী সভার মূল লক্ষ্য ও উদ্দেশ্য বর্ণনা করেন এবং সকলকে আলোচনায় অংশগ্রহণের জন্য উৎসাহিত করেন।



জনাব সিদ্দিকুর রহমান চৌধুরী, পরিচালক, এসএমসি ইএল বোর্ড, জনাব মোহাম্মদ ফরহাদ হোসেন এফসিএ, পরিচালক, এসএমসি ও এসএমসি ইএল বোর্ড, অধ্যাপক ডাঃ ফারহানা দেওয়ান, পরিচালক, এসএমসি বোর্ড, এবং কোম্পানী সদস্য মিস রোকেয়া কাদের ও জনাব রণজিৎ কুমার চক্রবর্তী সভায় যোগদান করেন এবং ম্যানেজমেন্টের সাথে মতবিনিময় করেন। এসএমসি'র মাননীয় চেয়ারম্যান জনাব ওয়ালিউল ইসলাম-এর সমাপনী বক্তব্যের মাধ্যমে আলোচনা সভাটি সমাপ্ত হয়।

## Open discussion between SMC Board and Management

SMC Board members initiated open discussion with the Management to know their opinions for the betterment of the organization in all aspects. The session was held at the Training Room of SMC Head Office on May 29, 2022. In the beginning, Mr. Muhammed Ali, Director, SMC & SMC EL narrated the objectives of the session and encouraged participation in the discussion.

Mr. Siddiqur Rahman Choudhury, Director, SMC EL Board, Mr. Muhammed Forhad Hussain FCA, Director, SMC & SMC EL Board, Professor Dr. Farhana Dewan, Director, SMC Board, Company Members Ms. Rokeya Quader and Mr. Ranjit Kumar Chakraborty joined the session and shared their valuable thoughts with the audience. The meeting was ended with closing remarks from Mr. Waliul Islam, Chairman of SMC and SMC EL Board.

## এসএমসি টাওয়ারে অগ্নি নির্বাপক মহড়া অনুষ্ঠিত

অগ্নি নিরাপত্তা বিষয়ক সচেতনতা বৃদ্ধিতে নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে এসএমসি'র নিজস্ব কার্যালয় সমূহে ফায়ার ড্রিলের আয়োজন করে। গত ৯ জুন, ২০২২ তারিখে প্রশাসন বিভাগ এসএমসি টাওয়ারে একটি অগ্নি নির্বাপক মহড়ার আয়োজন করে। বনানী এলাকার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের ওয়্যারহাউস পরিদর্শক জনাব শহিদুল ইসলাম এসএমসি টাওয়ারের নিচতলায় একটি সংক্ষিপ্ত সেশনের পর মহড়াটি পরিচালনা করেন। অগ্নিসংকট পরিস্থিতি বিবেচনায় রেখে, প্রতিটি তলায় একটি 'ফায়ার ফাইটিং টিম' রয়েছে যারা প্রাথমিকভাবে অগ্নি নির্বাপণ বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত। এছাড়াও, প্রশাসন বিভাগ এসএমসি টাওয়ারের সকল প্রতিষ্ঠানের কর্মকর্তদের অগ্নিনির্বাপণের কৌশল সম্পর্কিত হ্যান্ডবুক প্রেরণ করে। ১৭ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে এসএমসি টাওয়ার ২-এ অনুরূপ একটি মহড়ার আয়োজন করা হয়। সেশনটি পরিচালনা করেন কল্যাণপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের স্টেশন অফিসার (ইন-চার্জ) জনাব মোঃ নুরুল হক।



## Fire Drill held at SMC Towers

SMC organizes Fire Drill at regular intervals in its complexes to comply with the organizational fire safety procedures. The Administration department of SMC organized a Fire Drill in SMC Tower in June 2022. Mr. Shahidul Islam, Warehouse Inspector, Fire Service and Civil Defense, Banani Area facilitated the drill with a short briefing session held on the ground floor of the tower. Each floor has a 'Fire Fighting Team' including SMC and its tenants who are trained with some basic evacuation and firefighting training. The Administration department shared a soft version of the handbook related to techniques of fire fighting with all employees of SMC and the tenants through emails. A similar type of Fire Drill was organized in February 2022 at SMC Tower-2 where Mr. Md. Nurul Haque, Station Officer (in-charge), Fire Service and Civil Defense, Kallyanpur was present as a resource person and the drill facilitator.

## ওআরএস এবং টেস্টমি-এর উৎপাদন সক্ষমতা বৃদ্ধি

ময়মনসিংহের ভালুকা ফ্যাক্টরিতে ইতালীয় ব্রান্ড OMAG-এর তৈরি তিনটি অত্যাধুনিক উচ্চ-গতি সম্পন্ন ভলপ্যাক ফিলিং সিলিং মেশিন প্রতিস্থাপন করে ওরস্যালাইনের উৎপাদন সক্ষমতা বৃদ্ধি করা হয়েছে। এর ফলে, ২০২২-২০২৩ অর্থবছরে নিজস্ব প্ল্যান্ট থেকে ওআরএস-এর উৎপাদন সক্ষমতা হবে ১২০০ মিলিয়ন স্যাশেট। এছাড়া, ২০২১-২০২২ অর্থবছরে একই প্ল্যান্টে টেস্টমি-এর উৎপাদন সক্ষমতাও ১৫০% বৃদ্ধি করা হয়েছে।

## Expansion of ORS & TasteMe production

The ORS Manufacturing facility in Bhaluka Factory, Mymensingh has been enhanced through adding three Italy origin OMAG branded sophisticated high-speed filling sealing machines. In FY 2022-23, the production capacity of ORS will be 1,200 million sachets. In the same plant, the production capacity of TasteMe has already been increased by 150% in FY 2021-22.

# বাস্তবায়নকারী সংস্থ্যার সাথে 'কর্মদক্ষতা পর্যালোচনা এবং পরিকল্পনা সভা'

# Performance Review and Planning Meeting with implementing partners



গত ২৩-২৪ মার্চ ২০২২ তারিখে গাজীপুরের ছুটি রিসোর্টে একটি 'কর্মদক্ষতা পর্যালোচনা এবং পরিকল্পনা সভা' অনুষ্ঠিত হয় যেখানে তিনটি বাস্তবায়নকারী সংস্থ্যার কর্মকর্তাগণ (সচেতন সোসাইটি, পিএসটিসি এবং সীমান্তিক) অংশগ্রহণ করেন। সভার মূল উদ্দেশ্য ছিল ভালো পারফরম্যান্স বজায় রাখার জন্য কর্মসূচি বাস্তবায়নের সার্বিক পরিস্থিতি পুনর্বিবেচনা করা, বাস্তবায়নের প্রতিবন্ধকতাগুলো চিহ্নিত করা এবং তা সমাধানের সঠিক কর্ম কৌশল প্রণয়ন করা। তিনটি বাস্তবায়নকারী সংস্থা এবং এসএমসি'র সংশ্লিষ্ট কর্মকর্তাসহ মোট ৩৭জন প্রতিনিধি উক্ত সভায় উপস্থিত ছিলেন। এসএমসি'র উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব তছলিম উদ্দিন খান এবং প্রোগ্রাম বিভাগের অতিরিক্ত মহা-ব্যবস্থাপক জনাব মোঃ মশিউর রহমান আলোচনায় অংশগ্রহণ করেন এবং ভবিষ্যতে এসএমসি'র প্রোগ্রাম কর্মকান্ডের সার্বিক উন্নয়নে তাদের প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন। সভায় প্রচারণামূলক কার্যক্রম বৃদ্ধি করা, সরকারি কর্মকর্তা ও সেবা প্রদানকারীদের সম্পৃক্তকরণের মাধ্যমে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে সেমিনারের আয়োজন করা, গুরুত্বপূর্ণ স্বাস্থ্য বিষয়সমূহ বিবেচনায় আনা ইত্যাদি বিষয়ে আলোকপাত করা হয়।

A 'Performance Review and Planning Meeting' was held on March 23 - 24, 2022 at Chuti Resort, Gazipur attended by the key staff of three implementing partners (Shacheton Society, PSTC and CWFD). The main objective of the meeting was to revisit the program implementation status, identify implementation impediments and come up with strategies for better performance. A total of 37 representatives from three implementing partners and relevant SMC staff attended this meeting. Mr. Toslim Uddin Khan, Deputy Managing Director, SMC and Mr. Md. Moshiur Rahman, Additional General Manager, Program Operations facilitated strategic discussions and provided necessary guidance for further program improvement. The meeting was ended with some valuable insights like importance of promotional activities, involvement of government officials and service providers through organizing seminars at the district, upazilas and union levels, adoption of new priority health issues in the health sessions, etc.



অধ্যাপক ডাঃ ফারহানা দেওয়ান
গাইনি বিশেষজ্ঞ

কোভিড-১৯ মহামারির এই সময়ে মানসম্মত পরিবার পরিকল্পনা, মা ও শিশুস্বাস্থ্য এবং পুষ্টিসেবা কমিউনিটির দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে এসএমসি'র প্রশিক্ষণপ্রাপ্ত ব্লু-স্টার এবং গ্রীন স্টার সেবাদানকারীগণ নিরলসভাবে কাজ করে চলেছেন জেনে আমি অত্যন্ত আনন্দিত। এজন্য সেবাদানকারীগণকে ধন্যবাদ, আশা করি ভবিষ্যতেও তারা এই সেবা কার্যক্রম অব্যাহত রাখবেন। কোভিড-১৯ থেকে নিজেদের সুরক্ষার জন্য স্বাস্থ্যবিধি মেনে চলুন, টিকা নিন, মাস্ক পরুন এবং অন্যদেরকেও স্বাস্থ্যবিধি মেনে চলতে উৎসাহিত করুন।

I am overwhelmed to know that SMC's trained Blue Star and Green Star providers have been working relentlessly to ensure quality services on family planning, maternal & child health and nutrition services at the doorsteps of community people during COVID-19. I am truly thankful to all providers and expect the same effort will be continued in future. Take necessary health measures, get vaccinated, use face mask and encourage others to follow the health rules to stay safe from COVID-19.

# বিশ্ব জনসংখ্যা দিবস ২০২২ উদযাপন

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের নেতৃত্বে, কমিউনিটি মোবিলাইজেশন পার্টনার কর্তৃক বিগত ২১ জুলাই ২০২২ তারিখে দেশব্যাপী বিশ্ব জনসংখ্যা দিবস যথাযথভাবে উদযাপন করা হয়। এই বছর দিবসটির প্রতিপাদ্য ছিল '৮০০ কোটির পৃথিবী: সকলের সুযোগ, পছন্দ ও অধিকার নিশ্চিত করে প্রাণবন্ত ভবিষ্যৎ গড়ি'। এমআইএইচএসডি (MISHD) প্রকল্পের আওতাধীন নয়টি উপজেলা (পিএসটিসি'র-এর অধীনে ছয়টি এবং সীমান্তিকের অধীনে তিনটি) ব্যক্তিগত স্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি, পুষ্টি, বাল্যবিবাহ এবং জেন্ডার বিষয়ক সচেতনতা সৃষ্টির জন্য সেরা পারফরম্যান্স এওয়ার্ড অর্জন করে।




এছাড়াও, এসএমসি'র উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব তছলিম উদ্দিন খান জনসংখ্যা দিবস উপলক্ষ্যে আরটিভি এবং দীপ্ত টিভি আয়োজিত বিশেষ টিভি টক-শোতে অংশ নেন। বিশ্ব জনসংখ্যা দিবস - ২০২২ উপলক্ষ্যে প্রকাশিত স্মরনিকাতে এসএমসি'র প্রোগ্রাম বিভাগ থেকে বাল্যবিয়ে প্রতিরোধ বিষয়ক একটি নিবন্ধ প্রকাশিত হয়। উক্ত স্মরনিকায় 'সোমা-জেক্ট' এবং 'ফেমিকন'-এর বিজ্ঞাপনও প্রকাশিত হয়েছে। স্মরনিকাটি সংসদ সদস্য, নীতিনির্ধারক, বিভিন্ন মন্ত্রণালয় ও অধিদপ্তরের গণ্যমান্য ব্যক্তিবর্গ, প্রোগ্রাম ম্যানেজার, এনজিও/আইএনজিও (NGO/INGO) প্রতিনিধিদের মাঝে বিতরণ করা হয়েছে।

# World Population Day 2022 observed

The World Population Day (WPD) 2022 was observed by the community mobilization partners on July 21, 2022 under the leadership of the Ministry of Health and Family Welfare. The theme of this year's WPD was 'A world of 8 billion: Towards a resilient future for all – Harnessing opportunities and ensuring rights and choices for all'. Nine MISHD upazilas (six under PSTC and three under Shimantik) received best performing awards from local government for promoting awareness on personal health and hygiene, nutrition, child marriage and gender issues.

In addition, SMC's Deputy Managing Director Mr. Toslim Uddin Khan took part in special TV talk shows hosted by RTV and Deepto TV on the occasion of WPD 2022. Moreover, an article on stopping child marriage along with two advertisements on SOMA-JECT and Femicon were published in the souvenir of WPD 2022 which was disseminated among the Members of the Parliament, policy makers, high dignitaries of different Ministries and Directorates, program managers, NGO/INGO representatives.

# ৫ম ইউরোপীয় সোশ্যাল মার্কেটিং কনফারেন্সে এসএমসি'র অংশগ্রহণ

এসএমসি ইউরোপিয়ান সোশ্যাল মার্কেটিং অ্যাসোসিয়েশন (ESMA) আয়োজিত ৫ম ইউরোপীয় সোশ্যাল মার্কেটিং কনফারেন্সে অংশগ্রহণ করে। সভাটি ২২-২৪ জুন, ২০২২-এ গ্রীসে অনুষ্ঠিত হয়। সম্মেলনে এসএমসি'র পক্ষ থেকে 'সামাজিক বিপণন পদ্ধতির মাধ্যমে জনস্বাস্থ্য পণ্য এবং স্বাস্থ্যসেবা প্রচার ও প্রসারে বেসরকারী প্রতিষ্ঠানের সেবা প্রদানকারীদের সম্পৃক্তকরণ' বিষয়ক একটি গবেষণাপত্র উপস্থাপন করা হয় যা আয়োজক এবং সভায় অংশগ্রহণকারীদের মনোযোগ আকর্ষণ করে। এসএমসি'র উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব তছলিম উদ্দিন খান এবং প্রোগ্রাম এক্সিকিউটিভ মিস জেসমিন আক্তার যৌথভাবে গবেষনাপত্রটি উপস্থাপন করেন। এই কনফারেন্সটি বিশ্ব জুড়ে সোশ্যাল বিহেভিয়ার চেইঞ্জ কমিউনিকেশন (এসবিসিসি) এবং সোশ্যাল মার্কেটিং পার্টনারদের জন্য একটি মর্যাদাপূর্ণ অধিবেশন হিসেবে বিবেচিত হয়। সম্মেলনের মূল উদ্দেশ্য ছিল ইতিবাচক জনস্বাস্থ্য পদক্ষেপ, আচরণগত পরিবর্তন এবং সমাজের সার্বিক উন্নয়নে নেতৃস্থানীয় প্রতিষ্ঠান, অনুশীলনকারী, নীতি নির্ধারক, গবেষক এবং সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের একত্রিত করা।



অধিবেশনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, প্রফেসর জেফ ফ্রেঞ্চ, প্রেসিডেন্ট, ইন্টারন্যাশনাল সোশ্যাল মার্কেটিং অ্যাসোসিয়েশন এবং সিইও, স্ট্র্যাটেজিক সোশ্যাল মার্কেটিং, কিংস কলেজ লন্ডন, ইউনিভার্সিটি অব ব্রাইটন, যুক্তরাজ্য। তিনি এসএমসি'র উপস্থাপনা এবং স্বাস্থ্য, পুষ্টি ও বাংলাদেশের পরিবার পরিকল্পনা খাতের উন্নয়নে এসএমসি'র অবদানের প্রশংসা করেন।

# SMC participated in the 5th European Social Marketing Conference

SMC participated in the 5th European Social Marketing Conference organized by European Social Marketing Association (ESMA). The event was held in Greece during 22-24 June, 2022. SMC presented a paper on "Engaging Private Sector Providers to Offer Public Health Products and Services Adapting Social Marketing Approach" at the conference which received special attention from the organizer and participants. The paper was jointly presented by Mr. Toslim Uddin Khan, Deputy Managing Director and Ms. Jesmin Akter, Program Executive of SMC. This event is considered to be one of the prestigious events for Social Behavior Change Communication (SBCC) and Social Marketing professionals across the globe. The main objective of the conference was to gather leading academia, practitioners, policymakers, researchers and relevant experts across the globe to promote positive public health interventions, behavior change and social good.

The plenary session was attended, among others, by Prof. Jeff French, President of International Social Marketing Association and CEO of Strategic Social Marketing, Kings College London, University of Brighton, UK who applauded SMC's presentation and its contribution in the health, nutrition and family planning sector in Bangladesh.

# বন্যাদুর্গত পরিবারগুলোর সাহায্যার্থে এসএমসি ও ইউএসএআইডি'র জরুরী উদ্যোগ

# Emergency response from SMC and USAID to the flood-affected families






গত জুন মাসে সমগ্র সিলেট বিভাগ এবং দেশের উত্তর-পূর্বাঞ্চলের কিছু এলাকা ভয়াবহ বন্যায় প্লাবিত হওয়ায় ওই অঞ্চলের মানুষ চরম দুর্ভোগের শিকার হয়। শত শত মানুষ বন্যার পানিতে আটকা পড়ে এবং গৃহস্থালির জিনিসপত্র, খাদ্য, ফসল, গবাদি পশু ইত্যাদির ব্যাপক ক্ষয়-ক্ষতি হয়। নজিরবিহীন বন্যায় সিলেট বিভাগের চারটি জেলার ২৩টি উপজেলা এবং ব্রাহ্মণবাড়িয়ার তিনটি উপজেলা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়। জরুরী সাহায্যার্থে, এসএমসি প্রাথমিকভাবে নিজস্ব অর্থায়নে বন্যায় ক্ষতিগ্রস্ত ৩৭৯ জন গ্রামীণ নারী উদ্যোক্তাদের (গোল্ড স্টার সদস্য) মধ্যে খাদ্যসামগ্রী (চাল, আলু, আটা, ডাল, ভোজ্যতেল এবং লবণ) বিতরণ করে। দ্বিতীয় দফা বন্যার সময়, এসএমসি আবারও নিজস্ব তহবিল ব্যবহার করে ৮৫৪জন ক্ষতিগ্রস্ত গোল্ড স্টার সদস্যদের (জিএসএম) মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করে।

ডায়রিয়াজনিত রোগের প্রাদুর্ভাব এবং ব্যক্তিগত স্বাস্থ্য সমস্যা মোকাবেলার জন্য এসএমসি ইউএসএআইডি-এর আর্থিক সহযোগিতায় ৩৫,০০০ ক্ষতিগ্রস্ত পরিবারের মধ্যে স্বাস্থ্য কিট বিতরণ করে (প্রতিটি পরিবারকে ৩ ব্লিস্টার পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট, ১ ব্লিস্টার কৃমিনাশক ট্যাবলেট, ২০ প্যাকেট ওআরস্যালাইন-এন, ১ প্যাকেট জয়া স্যানিটারি ন্যাপকিন)। ইউএসএআইডি-মামনি প্রকল্পের সাথে সমন্বয়ের মাধ্যমে এমআইএসএইচডি (MISHD) বাস্তবায়নকারী প্রতিষ্ঠান সীমান্তিকের মাধ্যমে ত্রাণ সামগ্রীসমূহ বিতরণ করা হয়। পাশাপাশি ব্যবসায়িক কর্মকান্ড অব্যাহত রাখতে ৮৫৪জন গোল্ড স্টার সদস্যদের মাঝে নগদ ৪,২৭০,০০০ (প্রত্যেক জিএসএম-কে ৫০০০ টাকা করে) টাকা বিতরণ করা হয়। এই সংকটকালীন সময়ে গোল্ড স্টার সদস্যগণ তাদের পাশে দাঁড়ানোর জন্য ইউএসএআইডি এবং এসএমসি'র প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

The entire Sylhet division and some parts of the northeast region of the country were affected by a devastating flood during June that caused immense suffering to the people. Hundreds and thousands of people were trapped into flood water coupled with huge damage to households' belongings, food, crops, cattle and so forth. All 23 upazilas in four districts under the Sylhet division and three upazilas in the Brahmanbaria district were badly affected by this devastating flood. As part of the emergency response, SMC initially distributed foodstuff (rice, potato, flour, pulse, edible oil and salt) among 379 flood-affected rural women entrepreneurs named as 'Gold Star Members (GSM)' with SMC's own resources. During the second wave of the devastating flood, SMC further distributed foodstuff to the 854 flood-affected GSMs using the SMC fund.

In order to address the outbreak of diarrheal diseases and personal hygiene issues, SMC also distributed health and hygiene kits to 35,000 families. Each family received three blisters of water purifying tablets, one blister of deworming tablets, 20 sachets of ORSaline-N and one pack Joya sanitary napkin using the USAID-MISHD fund. The relief items were distributed through the MISHD implementing partner Shimantik in collaboration with the USAID-MaMoni project. Alongside, SMC also provided cash support amounting to Tk. 4,270,000 to the 854 GSMs (Tk. 5,000 each) to continue and sustain their business as entrepreneurs. The GSMs expressed their gratitude to USAID and SMC for standing beside them during this crisis moment.



## ডেঙ্গু প্রতিরোধে করণীয়:

- জ্বর হলে ডাক্তারের পরামর্শ নিয়ে রক্ত পরীক্ষা করুন
- ডেঙ্গু ধরা পড়লে আতঙ্কিত হবেন না
- রক্তের প্লাটিলেট ৫০ হাজারের নিচে নেমে গেলে হাসপাতালে ভর্তি হন
- প্রচুর পরিমাণে তরল পানি পান করুন
- প্যারাসিটামল ব্যতীত অন্য কোন এন্টিবায়োটিক খাবেন না
- দুই একদিন পর জ্বর সেরে গেলেও অনিয়ম করবেন না
- নিয়মিত রক্তচাপ পরীক্ষা করুন
- ডাক্তারের পরামর্শ অনুযায়ী চলুন

*তথ্যসূত্র: বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়ন*

**Chief Editor:** Toslim Uddin Khan; **Published by:** Corporate Affairs Department; **Acknowledgement:** All departments for providing information; **Address:** SMC Tower, 33 Banani C/A, Road - 17, Dhaka - 1213, Bangladesh. **Telephone:** +88 02 22225073-80, +88 02 222275085-92, **Website:** www.smc-bd.org